MAR. 01 2001

দৈনিক জনকণ্ঠ

তারিখ ...
পৃষ্ঠা ১২ কলাম ৩

বিশ্বব্যাংক কান্ট্রি ডিরেক্টরের অভিমত

# উচ্চশিক্ষা ব্যবস্থা বিশ্বমানের করা না গেলে বাংলাদেশের উন্নয়ন কাজ ব্যাহত হবে

**স্টাফ রিপোর্টার ॥** বিশ্বব্যাংকের কান্ট্রি ডিরেক্টর ফ্রেডারিক টেম্পল বলেছেন, চলতি শতাব্দীর প্রারম্ভেই বাংলাদেশের

(২: পৃষ্ঠা ৪-এর কঃ দেখুন)

## উচ্চশিক্ষা ব্যবস্থা (১২-এর পাতার পর)

উচ্চশিক্ষা ব্যবস্থাকে বিশ্বমানের করা না গেলে উন্নয়ন কর্মকাণ্ড ব্যাহত হবে। বুধবার ঢাকায় শুরু হওয়া উচ্চশিক্ষাবিষয়ক এক গোলটেবিল বৈঠকের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি এ মন্তব্য করেন।

শিক্ষা মন্ত্রণালয় ও বিশ্বব্যাংকের যৌথ উদ্যোগে আয়োজিত এ গোলটেবিল বৈঠকে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক। আজ বৃহস্পতিবার পর্যন্ত বৈঠকের কর্ম অধিবেশনগুলো চলবে। গোলটেবিল বৈঠকে বাংলাদেশের শিক্ষা ব্যবস্থার ওপর বিশ্বব্যাংক ও ইউনেস্কো প্রণীত তিন খণ্ডের একটি পর্যালোচনা রিপোর্ট উপস্থাপন এবং তার ওপর আলোচনা হওয়ার কথা।

বৈঠকের উদ্বোধনী অনুষ্ঠানে ফ্রেডারিক টেম্পল আরও বলেন, এ দেশে উচ্চশিক্ষায় ব্যয়বরাদ্দ ছাত্র অনুপাতে হয় না। এ ক্ষেত্রে রাজনৈতিক ও ঐতিহাসিক প্রেক্ষাপট প্রাধান্য পায়। শিক্ষা ক্ষেত্রে মৌলিক পরিবর্তন আনার এটাই সর্বোত্তম সময়—এ কথা উল্লেখ করে তিনি মতপ্রকাশ করেন, এই কাজটা করা কঠিন হলেও একেবারে অসম্ভব নয়।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক বলেন, শিক্ষা ক্ষেত্রে ব্যয় বরাদ্দে অসামঞ্জস্য রয়েছে। ইতোপূর্বে প্রাথমিক ও গণশিক্ষায় যত ব্যয় হয়েছে উচ্চশিক্ষার ক্ষেত্রে তা হয়নি। উচ্চশিক্ষার পর্যাপ্ত ব্যয় বরাদ্দের ওপর জোর দিয়ে তিনি বলেন, অতীতে শিক্ষা ক্ষেত্রে গুণগত মানের দিকে নজর দেয়া হয়নি। অনুষ্ঠানে শিক্ষা সচিব সাদত হুসেনও বক্তব্য রাখেন।